

স্বাধীনতা



গণতন্ত্র



সমাজতন্ত্র

★ ডায়েরির ছাত্র ফেডারেশন ★

রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট
কলকাতা বিশ্ববিদ্যালয়ের জাফলিক কক্ষটি
৭৯/৩ A, ডাচার্ম জগদীশচন্দ্র বোস রোড
দীনেশ মজুমদার ভবন
কলকাতা - ৭০০০৯৪

তারিখ : ৩০/১২/২৫

প্রতি,
মাননীয় সচিব
বিজ্ঞান অনুষদ
কলকাতা বিশ্ববিদ্যালয়

বিষয়: শিক্ষার্থীদের ন্যূনতম সুযোগ-সুবিধা সংক্রান্ত একাধিক দাবি অবিলম্বে বাস্তবায়নের বিষয়ে ডেপুটেশন।

মাননীয় মহাশয়,

আমরা GPA কলকাতা বিশ্ববিদ্যালয় রাজাবাজার সায়েন্স কলেজ ইউনিট গভীর উদ্বেগ ও ক্ষোভের সঙ্গে আপনাকে জানাচ্ছি যে, পূর্বে একাধিকবার লিখিত ও মৌখিকভাবে জানানোর পরও আমাদের ন্যায্য দাবিগুলি আজও উপেক্ষিত রয়ে গেছে।

উক্ত দাবি গুলি হলো :

১) জিম পুনরায় খোলার দাবি:

ইতিপূর্বে জিম পুনরায় চালুর দাবিতে আমরা ডেপুটেশন জমা দিয়েছিলাম। অথচ অর্থোক্তিক ভাবে জিম এখনও বন্ধ। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক সুস্থতার প্রক্ষেপে এই অবহেলা সম্পূর্ণ অগ্রহণযোগ্য।

২) মহিলাদের শৌচাগারের করুণ অবস্থা:

Applied Mathematics ফ্লোরের মহিলাদের শৌচাগারে আজও কার্যকর লক নেই, যা গুরুতর নিরাপত্তাজনিত সমস্যা। তাছাড়া প্রায় সমস্ত মহিলাদের শৌচাগার অপরিচ্ছন্ন ও রক্ষণাবেক্ষণের অভাবে অমানবিক অবস্থায় রয়েছে। উল্লেখ্য, পরিদর্শন কমিটি এসে দেখার পরও আজ পর্যন্ত ক্যাম্পাসে স্যানিটারি ন্যাপকিন ভেঙে মেশিন বসানো হয়নি-যা চরম উদাসীনতার পরিচয়।

৩) শিক্ষার্থীদের ই-মেল আইডি প্রদান:

বারবার কর্তৃপক্ষকে জানানোর পরও শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক ই-মেল আইডি এখনও বরাদ্দ হয়নি। গবেষণা পত্র, অনলাইন জার্নাল ও শিক্ষাসামগ্রী ব্যবহারের ক্ষেত্রে এটি অত্যন্ত জরুরি।

আমরা স্পষ্টভাবে জানাতে চাই, এই ডেপুটেশন পাওয়ার ১৫ দিনের মধ্যে উপরোক্ত সমস্ত সমস্যার সমাধান শুরু করতে হবে এবং নির্দিষ্ট রূপরেখা শিক্ষার্থীদের সামনে প্রকাশ করতে হবে। অন্যথায় ছাত্রসমাজ বাধ্য হবে আরও বৃহত্তর ও তীব্র গণআন্দোলনের পথে যেতে।

এই অবস্থা তৈরির দায় সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ওপর বর্তাবে।

আশা করি, অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

ধন্যবাদান্তে,

প্রতিম দাস
সভাপতি



Sayam Talukdar
সায়িন তালুকদার
সম্পাদক